



মিস্ট্রেস সাজেদা হোসেনী  
জাতীয় কমিটি  
১৯৭২-১৯৭৬





## শোক বার্তা

গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের প্রথম জাতীয় কমিশনার, মহিলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক, বীর মুক্তিযোদ্ধা, বাংলাদেশ নারী পুনর্বাসন বোর্ডের পরিচালক, সংসদ উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি. ১১ সেপ্টেম্বর, ২০২২ রবিবার ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি. বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের একজন নিবেদিতপ্রাণ কর্মী ছিলেন। ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতা লাভের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি.র হাতে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের দায়িত্বভার তুলে দেন। তিনি জাতীয় কমিশনারের দায়িত্বে থেকে এসোসিয়েশনের জন্য যে আলোকবর্তীকা জ্বালিয়ে গেছেন এসোসিয়েশনে তাঁর অবদান পাথেয় হয়ে থাকবে। তিনি গাইডিং-এর সাথে সম্পৃক্ত হয়ে জাতীয় কমিশনারের দায়িত্বে থেকে কর্মরত অবস্থায় গার্ল গাইডের বিভিন্ন কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সর্বদা অগ্রণী ভূমিকা রেখেছেন। তাঁর আন্তরিক চেষ্টায় বারই পাড়া জাতীয় ক্যাম্প সাইটে ৪তলা ভবন ও বেইলী রোডে ১০তলা ভবন নির্মিত হয়।

সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি.-এর মৃত্যুতে পরিবারের মাঝে যে শূন্যতার সৃষ্টি হয়েছে তা অপূরণীয়। মহান সৃষ্টিকর্তার কাছে এই প্রার্থনা তিনি যেন পরিবারের সদস্যদের শোক সহ্য করার শক্তি দেন।

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সর্বস্তরের গাইড সদস্য সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি.-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে। মরহমের শোক সন্তুষ্ট পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে মহান আল্লাহ পাক যাতে তাঁকে বেহেশতবাসী করেন এই প্রার্থনা করে তাঁর বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করছি।

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের পক্ষে -

কাজী জেবুন্নেছা বেগম  
জাতীয় কমিশনার  
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন